

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 25-01-2025
Time: 08:20-08:30 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে, জাতির উদ্দেশে ভাষণ দেন।
- (২) আগামীকাল ৭৬তম প্রজাতন্ত্র দিবস। রাজ্যে মূল অনুষ্ঠান হবে আগরতলার আসাম রাইফেলস ময়দানে।
- (৩) সারা দেশের সঙ্গে রাজ্যেও পঞ্চদশ ভোটার দিবস উদযাপিত।
- (৪) ত্রিপুরা ও কেরালার মধ্যে কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।

President's speech :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে, জাতির উদ্দেশে ভাষণ দেন। সবাইকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। তিনি বলেন সাধারণতন্ত্র দিবস উদযাপন সকল দেশবাসীর জন্য সম্মিলিত আনন্দ এবং গর্বের বিষয়। তিনি বলেন আজকের দিনে, সবার আগে, আমরা সেই শৌর্য বীর্যবানদের স্মরণ করবো যাঁরা বিদেশী শাসনের শৃঙ্খল থেকে মাতৃভূমিকে মুক্ত করার জন্য সর্বোচ্চত্যাগ স্বীকার করেছিলেন। এদের মধ্যে কোন কোন স্বাধীনতা সংগ্রামী সম্পর্কে মানুষ সামান্যই জানেন, কিন্তু তাঁদের অনেকের সম্পর্কেই তাঁরা জানতেন না। এবছর,

ভগবান বিরসা মুন্ডার ১৫০তম জন্মবার্ষিকী উদযাপন করা হচ্ছে। তিনি বলেন এটা দেশের সৌভাগ্য যে মহাত্মা গান্ধী, রবীন্দ্রনাথ ঠাকুর এবং বাবাসাহেব আম্বেদকরের মতো মহান ব্যক্তিত্বরা আমাদের দেশের গণতান্ত্রিক মূল্যবোধকে পুনরুজ্জীবিত করেছিলেন। তিনি বলেন আমাদের সংবিধান ভারতীয় হিসেবে আমাদের সম্মিলিত পরিচয়ের মৌলিক ভিত্তি এবং গত ৭৫ বছর ধরে, সংবিধান আমাদের অগ্রগতির পথ প্রশস্ত করে তুলেছে। তিনি বলেন আমাদের কৃষক ভাই-বোনেরা কঠোর পরিশ্রম করেছেন এবং আমাদের দেশকে খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করেছেন।

তিনি বলেন সরকার আর্থিক অন্তর্ভুক্তিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে, তাই প্রধানমন্ত্রী জন ধন যোজনা, প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা, প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা, মুদ্রা যোজনা, স্ট্যান্ড-আপ ইন্ডিয়া এবং অটল পেনশন যোজনার মতো আর্থিক সহায়তা প্রকল্পগুলিকে সম্প্রসারিত করা হয়েছে। তিনি বলেন প্রধানমন্ত্রী তফসিলি জাতি অভ্যুদয় যোজনার মাধ্যমে কর্মসংস্থান এবং আয়ের সুযোগ তৈরি করে তফসিলি জাতিগোষ্ঠীগুলির দারিদ্র্য দ্রুত হ্রাস করা হচ্ছে।

তফসিলি জনজাতি সম্প্রদায়গুলির সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য বিশেষ প্রকল্পপ্রণয়ন করা হয়েছে, যার মধ্যে 'ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান' এবং 'প্রধানমন্ত্রী জনজাতীয় আদিবাসী ন্যায় মহা অভিযান - প্রধানমন্ত্রী-জনমন' রয়েছে। মুক্ত, যাযাবর এবং আধা-যাযাবর সম্প্রদায়গুলির জন্য একটি 'উন্নয়ন ও কল্যাণ বোর্ড' গঠন করা হয়েছে।

বিগত এক দশকে বিভিন্ন সড়কপথ ও রেলপথ, সমুদ্রবন্দর এবং লজিস্টিক হাব বা সরবরাহগত মজুত ভান্ডারসহ নানা প্রাকৃতিক পরিকাঠামো উন্নয়নে জোরদেওয়া হয়েছে।

এই সময়ে আয়োজিত প্রয়াগরাজ মহাকুস্তকে সেই সমৃদ্ধ ঐতিহ্যের একটি কার্যকর প্রকাশ হিসেবে উল্লেখ করেন তিনি। ভারতের বিশাল ভাষাগত বৈচিত্র্যের ঐশ্বর্যরক্ষায় সরকার অসমীয়া, বাংলা, মারাঠি, পালি এবং প্রাকৃত ভাষাকে ধ্রুপদী ভাষা হিসেবে স্বীকৃতি দানের কথাও উল্লেখ করেন তিনি। তিনি বলেন আমাদের আজকের তরুণ প্রজন্ম আগামীকালের ভারত গড়বে। তরুণ প্রজন্মের প্রতিভার বিকাশের সরকার শিক্ষা খাতে বিনিয়োগ বৃদ্ধি করেছে এবং শিক্ষার সঙ্গে সম্পর্কিত প্রতিটি মান উন্নতকরার জন্য ব্যাপক প্রচেষ্টা চালিয়েছে। গত দশকে নিযুক্ত শিক্ষকদের মধ্যে মহিলাদের অনুপাত ৬০ শতাংশেরও বেশি। গ্লোবাল ইনোভেশন ইনডেক্স বা বিশ্ব উদ্ভাবন সূচকে ভারতের স্থান ২০২৪ সালে ৩৯ তম স্থানে উঠে এসেছে। তিনি বলেন আমরা অত্যাধুনিক গবেষণা ক্ষেত্রে আমাদের অংশিদারিত্ব বাড়িয়ে চলেছি। জিনোম ইন্ডিয়া প্রকল্পের প্রধান কর্মসূচির আওতায় এই মাসেই ১০,০০০ ভারতীয়র জিনোম সিকোয়েন্সিং-কে অনুসন্ধানের জন্য প্রস্তুত করা হয়েছে। ক্রীড়াঅঙ্গনেদেশের উন্নতির উল্লেখ করে তিনি বলেন আমাদের খেলোয়াড়রা রোমাঞ্চকর সাফল্যের আখ্যান রচনা করে চলেছেন।

গতবছর, আমাদের খেলোয়াড়রা বিভিন্ন অলিম্পিক ক্রীড়ায় ভালো ফল করেছেন। প্যারাঅলিম্পিকে ভারতীয়রা সর্বকালের সেরা সাফল্যের নজির স্থাপন করেছেন।

রাষ্ট্রপতি বলেন প্রবাসী ভারতীয়রা আমাদের সংস্কৃতি ও সভ্যতার সবচাইতে উজ্জ্বল দিকগুলি পৃথিবীর বিভিন্ন প্রান্তে পৌঁছে দিয়েছেন এবং অনেক ক্ষেত্রে তাঁদের সাফল্যের মাধ্যমে আমাদের গর্বিত করেছেন। তিনি গান্ধীজীর স্বপ্নগুলিকে সাকার করার জন্য নিজেদের দায়বদ্ধতাকে পুনরুচ্চারণ করার কথা বলেন। সকলের প্রতি করুণা সম্পর্কে গান্ধীজীর শিক্ষার উল্লেখ করে তিনি বলেন যে, আমাদের মনে শুধু মানুষের জন্যই নয়, বরং আমাদের

আশেপাশের পশু- পাখি, গাছপালা, নদীও পাহাড়গুলির জন্যও সমবেদনার ভাব থাকা উচিত।

জলবায়ু পরিবর্তনের সংকট মোকাবিলার বিশ্বস্তরে ভারত মিশন লাইফস্টাইল ফর এনভায়রনমেন্ট- নামক গণআন্দোলনের উল্লেখ করেন। এই প্রসঙ্গে তিনি 'এক পেড় মা কে নাম' অভিযানের কথা বলেন।

Republic Day-Tripura :

রাজ্যেও আগামীকাল নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৬তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হবে। প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠান হবে আগরতলার আসাম রাইফেলস ময়দানে। সকাল ৯টায় আসাম রাইফেলস ময়দানে জাতীয় পতাকা উত্তোলন করবেন ও কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু। তিনি অনুষ্ঠানে পুরস্কার ও পদক প্রদান করবেন।

আগামীকাল প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠান শুরু হবে সকালে সব সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। সকাল ৬টা ৩০ মিনিটে গান্ধীঘাটে গান্ধীবেদীতে মাল্যদান করে জাতির জনকের প্রতি শ্রদ্ধা জানাবেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ। তিনি সকাল ৭টায় এলবার্ট এক্সা পার্কে শহীদ বেদীতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করবেন। সকাল ৭টা ৩০ মিনিটে সচিবালয়ে প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ। দুপুর ১২টা ৩০ মিনিটে প্রজ্ঞাভবনে অনুষ্ঠিত হবে প্রাক্তন সৈনিকদের অনুষ্ঠান। রাজভবনে ঘরোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বিকাল ৪টায়। এছাড়াও আগামীকাল বহু অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

Greetings-CM :

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, সংবিধানের প্রতি দায়িত্বনিষ্ঠ থেকে সকল

নাগরিকদেরই উচিত উন্নত দেশ ও জাতি গঠনে নিজেদেরকে নিয়োজিত করা।

Awards on Republic Day :

প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে এ বছর রাজ্য থেকে রাষ্ট্রপতির বিশিষ্ট সেবা পদক পাচ্ছেন রাজ্য পুলিশের এডিজি জি এস রাও। এছাড়া রাজ্যের ৬ জন পুলিশ আধিকারিক কর্মে বিশেষ অবদানের জন্য পাচ্ছেন পুলিশ মেডেল। পুরস্কার প্রাপকরা হলেন আইপিএস বিজয় দেববর্মা, আই পি এস মানিক দাস, ডিএসপি পান্নালাল সেন, অজয় দেববর্মা এবং শ্যামল দেববর্মা, সুবেদার নিরঞ্জন দেববর্মা। এছাড়া হোম গার্ড এবং সিভিল ডিফেন্স পদকের জন্য মনোনীত হয়েছেন রুইসাইমা ডার্লং। আগামী ১৫ই আগস্ট পদক প্রাপকদের হাতে পদক তুলে দেওয়া হবে।

Republic Day-Special invitee :

আগামীকাল ৭৬তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে সেজে উঠেছে দিল্লির কর্তব্য পথ। কর্তব্য পথে কুচকাওয়াজ প্রত্যক্ষ করবে সমগ্র দেশ। এবারের প্রজাতন্ত্র দিবসে আমন্ত্রিত ১০ হাজার বিশেষ অতিথি।

বিশেষ আমন্ত্রিতদের মধ্যে রয়েছেন পিএম যশস্বী বৃত্তি পাওয়া ছাত্রছাত্রী থেকে শুরু করে, অঙ্গনওয়াড়ি কর্মী, ত্রি-স্তর পঞ্চায়েত প্রতিনিধি, বন সংরক্ষক, কারুশিল্পী, পানীয় জল, গ্রামোন্নয়ন, বনধন যোজনা, পি এম জনমন, মৎস্য সম্পদ যোজনার সুবিধাভোগীরা।

জাতি ও সমাজ গঠনে তাদের অনবদ্য ভূমিকাকে সম্মান জানাতে কেন্দ্রীয় সরকার প্যারেড প্রদর্শনের জন্য তাদেরকে "বিশেষ অতিথি" হিসাবে আমন্ত্রণ জানিয়েছে। ত্রিপুরা থেকে আমন্ত্রণ

পেয়েছেন মোট ৯৫ জন। আকাশবাণীৰ সঙ্গে সাক্ষাৎকাৰে তাঁৰা জানান, ৰাজধানীতে প্যারেড দেখাৰ আমন্ত্ৰণ পেয়ে তাৰা অত্যন্ত খুশি। তাঁদেৰ মध्ये রয়েছে আশ্বাসৰ এক অঙ্গনওয়াড়ি কেন্দ্ৰেৰ কৰ্মী বৰ্ণা দেব। প্রজাতন্ত্ৰ দিবসেৰ অনুষ্ঠানে আমন্ত্ৰণ পেয়ে তিনি কেন্দ্ৰীয় সৰকাৰকে ধন্যবাদ জানান।

#####BYTE-Jharna Deb#####

দিল্লিতে প্রজাতন্ত্ৰ দিবসেৰ অনুষ্ঠান দেখাৰ আমন্ত্ৰণ পেয়ে খুশি পিএম যশস্বী বৃতি পাওয়া ছাত্ৰ আগৰতলা এন আই টি-ইঞ্জিনিয়াৰিং পড়ুয়া এক ছাত্ৰ

#####BYTE-NIT Student#####

পিএম যশস্বী বৃতি প্ৰাপ্ত ত্ৰিপুরা বিশ্ববিদ্যালয়েৰ ছাত্ৰ অভিষেক ৰায় / সৰকাৰেৰ অতিথি হিসেবে দিল্লিৰ প্রজাতন্ত্ৰ দিবসেৰ অনুষ্ঠান দেখতে যাবাৰ সুযোগ পেয়ে গৰ্ব বোধ কৰেছেৰ বলে জানিয়েছেৰ

#####BYTE-Abhishek Roy#####

Update Akashvani :

এখবৰ শুনছেৰ, আকাশবাণী আগৰতলা কেন্দ্ৰ থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীৰ সংবাদেৰ আপডেট পেতে লগ ইন কৰুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আৰ ডট কম এবং নিউজ অন এ-আই-আৰ অ্যাপ, এবং টুইটাৰ ও ফেসবুক প্লাটফৰ্মে-এ এ-আই-আৰ-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য কৰুন নিউজ-অন-এআইআৰ-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগৰতলাৰ সংবাদ আপডেট পেতে দেখুন টুইটাৰ বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগৰতলা /

ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে
আকাশবাণী নিউজ আগরতলা।

Voters' Day :

সারাদেশে আজ পালিত হচ্ছে পঞ্চদশ জাতীয় ভোটার দিবস
উদযাপিত হচ্ছে। জাতীয় ভোটার দিবসে দেশবাসীকে শুভেচ্ছা
জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী
বলেছেন যে দিনটি ভারতের প্রাণবন্ত গণতন্ত্র উদযাপন এবং
প্রতিটি নাগরিককে তাদের ভোটার অধিকার প্রয়োগ করার ক্ষমতা
দেওয়ার উদযাপন। তিনি আরও বলেন যে এটি জাতির ভবিষ্যত
গঠনে অংশগ্রহণের গুরুত্ব তুলে ধরে। প্রধানমন্ত্রী মোদিও এই
বিষয়ে দৃষ্টান্তমূলক প্রচেষ্টার জন্য নির্বাচন কমিশনের প্রশংসা
করেছেন।

Voters Day-President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতের গণতন্ত্র আধুনিক বিশ্বের
জন্য অনন্য উদাহরণ। তিনি বলেছেন এটি গর্বের বিষয় যে ভারত
বিশ্বের বৃহত্তম, বৈচিত্র্যময়, তরুণ, অন্তর্ভুক্তিমূলক এবং
সংবেদনশীল গণতন্ত্র। আজ নতুনদিল্লিতে পঞ্চদশ জাতীয় ভোটার
দিবসের অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, ভারত
গণতন্ত্রের জননী এবং দেশে গণতান্ত্রিক প্রক্রিয়া প্রাচীনকাল
থেকেই বিদ্যমান ছিল। রাষ্ট্রপতি বলেন, নির্বাচনে নারীদের
ক্রমবর্ধমান অংশগ্রহণ সমাজ ও দেশের সার্বিক উন্নয়নের একটি
গুরুত্বপূর্ণ লক্ষণ।

#####Byte-President#####

কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল শান্তিপূর্ণ ও
নিরপেক্ষভাবে নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশনের
প্রচেষ্টার প্রশংসা করেন। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার

বলেছেন, ভারতে ভোটারের সংখ্যা এখন ৯৯ কোটির বেশি এবং দেশ শীঘ্রই এক বিলিয়ন ভোটারের নতুন রেকর্ড তৈরি করবে। অনুষ্ঠানে রাষ্ট্রপতি সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করার জন্য তাদের দৃষ্টান্তমূলক প্রচেষ্টার জন্য রাজ্য এবং জেলা কর্মকর্তাদের সেরা নির্বাচনী অনুশীলন পুরস্কার প্রদান করেন।

উল্লেখ্য, এবারের জাতীয় ভোটার দিবসের প্রতিপাদ্য, "ভোট দেওয়ার মতো কিছু নেই, আমি নিশ্চিত ভোট দেব।"

Voters Day-Governor :

জাতীয় ভোটার দিবস উপলক্ষ্যে আগরতলার রাজভবনে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু জাতীয় ভোটার দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে, ১০০ শতাংশ ভোটদান করার পক্ষে মত প্রকাশ করেন। তিনি বলেন, নিজের পছন্দের সরকার গড়তে হলে ভোটকেন্দ্রে গিয়ে ভোটদান করা অত্যন্ত জরুরি।

#####Byte-Governor#####

অনুষ্ঠানে রাজ্যপাল ২৯ জন নতুন ভোটারের হাতে সচিব পরিচয় পত্র তুলে দেন। অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান রাজ্যপাল। উপস্থিত ছিলেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ঊষা জেন মগ, পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার প্রমুখ।

Voters Day-CS :

আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আজ রাজ্যভিত্তিক জাতীয় ভোটার দিবসের উদ্বোধন করেন মুখ্য সচিব জে কে সিনহা। তিনি বলেন ত্রিপুরায় জনগণ শান্তিপূর্ণ পরিবেশে নিজেদের মতাদেশ প্রয়োগ করতে পারছেন। এই রাজ্যে লোকসভা ও

বিধানসভা নির্বাচনে ভোটদানের হারে নজির সৃষ্টি হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পাণ্ডে। অনুষ্ঠানে গত বিধানসভা ও লোকসভা নির্বাচনে উল্লেখযোগ্য ভূমিকা পালনের জন্য রাজ্যের কয়েকজন নির্বাচনী আধিকারিককে শংসাপত্র প্রদান করা হয়। তাছাড়া এই অনুষ্ঠানে বেশ কয়েকজন নতুন ভোটারের হাতে সচিব পরিচয় পত্র তুলে দেওয়া হয়। নতুন ভোটার হতে পারে তারা সন্তোষ ব্যক্ত করেন।

#####Byte-Snohit#####

#####Byte-Porsiya#####

Sanik Sammelon :

দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল বিলৌনীয়া সার্কিট হাউসে সৈনিক সম্মেলন এবং বড়খানার আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য দক্ষিণ ত্রিপুরা জেলার অবসরপ্রাপ্ত সৈনিক ও তাদের পরিবারের সদস্য সদস্যদের প্রতি অনুরোধ জানিয়েছেন দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসক স্মিতা মল এম এস।

Mahakumbh :

এবার মহাকুম্ভের খবর।

#####Sound Byte#####

মহাকুম্ভে ১লক্ষ ২১ হাজারেরও বেশি ভক্তকে আয়ুষ পরিষেবা দেয়া হয়েছে। আয়ুষ মন্ত্রক প্রয়াগরাজের মহাকুম্ভে দেশীয় এবং আন্তর্জাতিক ভক্ত, তীর্থযাত্রী এবং দর্শনার্থীদের বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করছে। মহা কুম্ভে ৮০জন আয়ুষ চিকিৎসক ২০টি ওপিডি কেন্দ্রে চব্বিশ ঘন্টা চিকিৎসা সেবা প্রদান করছেন।

মোরারজি দেশাই ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইয়োগার প্রশিক্ষকদের নেতৃত্বে সঙ্গম এলাকার মনোনীত ক্যাম্পে সকালে একটি থেরাপিউটিক যোগ সেশন পরিচালিত হচ্ছে। মন্ত্রক ভক্তদের মধ্যে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিকারী ওষুধ এবং ক্যালসিয়াম ট্যাবলেট বিনামূল্যে বিতরণ করছে। বয়স্কদের স্বাস্থ্যের প্রতি বিশেষ মনোযোগ দিয়ে, মহা কুস্তুর আয়ুষ দল বয়স্কদের পরিষেবা দিচ্ছে।

#####Sound Byte#####

Naidu Trophy :

ত্রিপুরা ও কেরালার মধ্যে কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে টসে হেরে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৯৮ রান করে। জবাবে সফরকারী কেরালা প্রথম ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ৫১ রান সংগ্রহ করে।
